গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৪-৬৬৮ তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৬ / ১৫ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৭১২/২০১৪ (আপীল নং-১৯৭৫/২০১৫ ও কনটেম্পট পিটিশন নং-১৬০/২০১৫)) মামলার গত ১১.০৯.২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে পাবনা জেলার সদর উপজেলাধীন খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসা ২০০৯-১০ অর্থবছর হতে এমপিওভুক্তিসহ বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩৫৮ তারিখ: ১১.১১.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৬.০৫.১০ তারিখের শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে পাবনা জেলার সদর উপজেলাধীন খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসা এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১.০৫.১০ তারিখের শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের এমপিওভুক্তির আদেশ অকার্যকর করা হয়।

০২। অত:পর উক্ত প্রতিষ্ঠানের সভাপতি জনাব মো: লুৎফর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৭১২/১৪ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১১.০৯.১৪ তারিখে রায়/নির্দেশনা প্রদান করা হয়। মূল রায়ের শেষাংশ নিম্নরূপ:

In the result, the Rule is made absolute. The impugned Memo No. শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ dated 06.05.2010 (Annexure-E) as communicated to the petitioner under the signature of the Senior Assistant Secretary, Branch-13, Ministry of Education (Respondent No. 2) cancelling Memo No. শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ dated 31.05.2010 (Annexure-F) and thereby curtailing the name of Khodayerpur Modinatul Ulum Dakhil Madrasha Pabna from the list of MPO in 2009-2010 financial year are hereby declared to have been made without lawful authority so far the institution of the petitioner is concerned and thus, is of no legal effect.

The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-10 provided it fulfills the requirements as stipulated in the বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (in shord the janabal kathamo, 2010) within a period of 90 (ninety) days from date of receipt of the copy of this judgment and order. There will be no order as to cost.

০৩। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৯৭৫/২০১৫ দায়ের করা হলে তা ০৬.০২.১৭ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের ০৬.০২.১৭ তারিখের আদেশ নিম্নরূপ:

"The leave petition are out of time by 305 and 632 days respectively in C.P No. 1975 of 2015 and C.P Nos. 3832-3833 of 2016 but the explanations offered seeking condonation of delay are not at all satisfactory. Accordingly the petitions are dismissed as barred by limitation.

০৪। উক্ত আপীল মামলা গত ০৬.০২.১৭ তারিখে খারিজ হয়ে যাওয়ায় রিট মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-১৬০/১৫ দায়ের করা হয়।

০৫। যেহেতু রিট মামলার রায়ে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিলকৃত স্মারকের কার্যক্রম মহামান্য হাইকোর্ট কর্তৃক বেআইনী ঘোষণা করা হয়েছে এবং যেহেতু ২০০৯-২০১০ অর্থবছর হতে পিটিশনার এর মাদ্রাসাটি জনবল কাঠামো ও এমপিও নির্দেশিকা-২০১০ মোতাবেক এমপিও তালিকাভুক্ত করার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে এবং যেহেতু সরকার কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৯৭৫/১৫ মামলাটি (সময় দ্বারা বারিত মর্মে উল্লেখপূর্বক) খারিজ হয়ে যাওয়ায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ১১.০৯.১৪ তারিখের রায় বহাল ও বলবৎ রয়েছে।

০৬। যেহেতু মহামান্য হাইকোর্টের ১১.০৯.১৪ তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৯৭৫/১৫ মামলাটি খারিজ হয়ে গেছে, সেহেতু পাবনা জেলার সদর উপজেলাধীন খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসা ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৭। এক্ষণে,

(ক) রিট পিটিশন নং-৫৭১২/১৪ মামলায় গত ১১.০৯.১৪ তারিখের রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে দায়ের করা সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৯৭৫/১৫ মামলাটি খারিজ হয়ে যাওয়ায় বর্ণিত রিট মামলার রায় অনুযায়ী ২০০৯-১০ অর্থবছরের মে/১০ হতে খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসা, পাবনা সদর, পাবনা নামীয় প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করে বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করা;

(খ) "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" এর জনবল কাঠামো বিবেচনায় নিয়ে মে/১০ মাসে উক্ত মাদ্রাসায় কর্মরত জনবল (প্রকৃত জনবল যাচাইক্রমে) এমপিওভুক্তির ব্যবস্থা নেয়া।

০৮। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ০৯.০১.২০২০ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

চলমান পৃষ্ঠা/

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৪-৬৬৮/১(১০)

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৬ / ১৫ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৮। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৯। সুপার, খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসা, ডাক-বি.পি, নাজিরপুর, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা।
১০। সভাপতি, খোদাইরপুর মদিনাতুল উলুম দাখিল মাদ্রাসা, ডাক-বি.পি, নাজিরপুর, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা।
১১। অফিস কপি/মাস্টার কপি।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭